# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

বাংলাদেশ।

স্মারক নং- জাতীঃ বিঃ/পনিঃ/অনার্স-৩য় বর্ষ/২০২৩/১৯৭৬ তারিখ ঃ ০২/০৭/২০২৫ খ্রিঃ

## ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ ইনকোর্স পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার আলোকে ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষের প্রথম ইনকোর্স পরীক্ষা ১০/০৭/২০২৫ থেকে ২৫/০৭/২০২৫ এবং দ্বিতীয় ইনকোর্স পরীক্ষা ১০/০৯/২০২৫ থেকে ২৫/০৯/২০২৫ তারিখের মধ্যে গ্রহণ করতে হবে।

**ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র প্রেরণের নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো ঃ**

০১. ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার ভিত্তিতে নম্বর বন্টন করতে হবে;

০২. ইনকোর্স পরীক্ষার নম্বর ১৫% ও ক্লাসে উপস্থিতির জন্য ৫% এর মধ্যে মূল্যায়ন করতে হবে;

০৩. সংশ্লিষ্ট কলেজ নিজ দায়িত্বে পরীক্ষা গ্রহণ করবে;

০৪. সংশ্লিষ্ট শিক্ষকগণ উত্তরপত্র মূল্যায়ন করবেন;

০৫. ইনকোর্স পরীক্ষার মূল্যায়িত উত্তরপত্র ও হাজিরাসীট গালাসীল করে পরিচালক আঞ্চলিক কেন্দ্র/গাজীপুর ক্যাম্পাসে হাতে হাতে/ডাকযোগে প্রেরণ করতে হবে;

০৬. পরীক্ষার ফরম পূরণের সময় ০২ (দুই) টি ইনকোর্স পরীক্ষার গড় নম্বর On-line এ এন্ট্রি দিতে হবে;

০৭. ইনকোর্স নম্বর ও ক্লাসে উপস্থিতির নম্বর ব্যতীত পরীক্ষার ফরম পূরণ করা যাবে না;

০৮. ইনকোর্স নম্বর ইনপুট দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। একবার ইনকোর্স নম্বর ইনপুট দেয়ার পর তা আর পরিবর্তন করা যাবে না;

০৯. ০২ (দুই) টি ইনকোর্স পরীক্ষার খাতা পৃথক পৃথক প্যাকেট করে এক সঙ্গে পাঠাতে হবে।

**প্যাকেটের উপর বড় করে "২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ ইনকোর্স পরীক্ষা" লালকালিতে লিখতে হবে**

০২/০৭/২০২৫

**গাজীপুর ক্যাম্পাসে প্রেরণের ঠিকানা**
**অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক**
**অনার্স ৩য় বর্ষ**
**জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, গাজীপুর**

২/৭/২৫

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন নং ০২-৯৯৬৬৯১৫১৭
মেইল ঃ controller@nu.ac.bd